গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং- ২৭.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৯. ২৬৯

তারিখঃ ০১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

গত ১০ মার্চ ২০২০ তারিখ বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপিতত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৫/৩/2020
(তাহমিনা ইয়াসমিন)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৩৬৪
dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা।
০২। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৫। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
০৭। যুগ্মসচিব (সকল)/যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ।
০৮। ব্যবস্থাপনা পরিচালক-ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/এপিএসসিএল/নওপাজেকো/নেসকো/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি-আর পাওয়ারজেন লিঃ, ঢাকা/খুলনা/ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী।
০৯। উপসচিব/উপ-প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
১১। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
১২। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৩০

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৬ / ১০ মার্চ ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন।

সূত্র: এ কার্যালয়ের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের স্মারক নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে। সে উপলক্ষ্যে উদ্বোধন অনুষ্ঠান আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে আয়োজনের জন্য ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। তবে সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতি বিবেচনায় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮/০৩/২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি ও জাতীয় বাস্তবায়ন কমিটির এক যৌথ সভা আহ্বান করেন। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের জনসাধারণের স্বাস্থ্যঝুঁকির বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনসমাবেশ পরিহারপূর্বক ১৭ই মার্চের উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের জন্য সদয় অনুশাসন প্রদান করেন। সে অনুযায়ী রাজধানীর জাতীয় প্যারেড স্কয়ারের কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়েছে, যা পরবর্তীতে সুবিধাজনক সময়ে সর্বসাধারণের অংশগ্রহণে আয়োজন করা হবে। পাশাপাশি দেশজুড়ে স্থানীয় পর্যায়ের অনুষ্ঠানসমূহও জনসমাগম ব্যাতিরেকে উৎসবমুখর পরিবেশে আয়োজনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। নিম্নলিখিতভাবে ১৭ই মার্চের অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:

- বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থায় উৎসবমুখর পরিবেশে, তবে জনসমাবেশ পরিহারপূর্বক সীমিত আকারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন;
- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;
- দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ;
- হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও এতিম খানায় মিষ্টান্ন বিতরণ ও উন্নতমানের খাবার পরিবেশন;
- স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহহীনদের মধ্যে গৃহ প্রদানের উদ্যোগ গ্রহণ;
- জনসমাবেশ ব্যাতিরেকে আতশবাজির আয়োজন;
- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক তাদের ভবনে ১৭ই মার্চ, ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ড্রপডাউন ব্যানার ব্যবহার ও মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- সকল সরকারি-বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানে আলোকসজ্জার ব্যবস্থা, সৌন্দর্যবর্ধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে নিজস্বভাবে সীমিত আকারে বিভিন্ন অনুষ্ঠান, যেমন: আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, মিষ্টান্ন বিতরণ, দুপুরের খাবার ইত্যাদির আয়োজন;
- ওয়েবসাইটে প্রদত্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ প্রচার;

২১৮-

- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ;

৩। জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৭, মোবাইল: +৮৮০১৭২০১৭০৮৮৮

(২) দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫ মোবাইল: +৮৮০১৭৮৩৫২৫২৮৫

(৩) ইফতেখার ইউনুস, সিনিয়র সহকারী সচিব
মোবাইল: +৮৮০১৯৩৩৮২৪৮১৮
ই-মেইল: bangabandhu100@gmail.com

২০/৫/২০২০
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
প্রধান সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৩০৩২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা (বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসনসহ মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য)/
সিনিয়র সচিব ... ... (সকল);
৩। সচিব, তথ্য মন্ত্রণালয় (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)/
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অধীনস্ত দপ্তরসমূহকে দিক নির্দেশনা প্রদানের জন্য)/
সচিব, ... (সকল);

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ;
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার ... ...(সকল বিভাগ);
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা ... ... (সকল সিটি কর্পোরেশন);
৭। জেলা প্রশাসক ... ... (সকল জেলা);
৮। উপজেলা নির্বাহী অফিসার ... ... (সকল উপজেলা);
৯। মিডিয়া সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মুজিববর্ষ উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. সুলতান আহমেদ সচিব, বিদ্যুৎ বিভাগ
সভার তারিখ	:	১০ মার্চ ২০২০
সভার সময়	:	সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	বিদ্যুৎ ভবনস্থ বিজয় হল (১৫ তলা), ১নং আব্দুল গণি রোড, ঢাকা।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'।

০১। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। মাননীয় প্রতিমন্ত্রী বলেন, বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর, সংস্থা, কোম্পানি মুজিব বর্ষকে সেবাবর্ষ হিসেবে ঘোষণা করায় সেবা প্রদানের ক্ষেত্রে সকলকে আরো আন্তরিক হতে হবে। আমাদের অফিসে বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তিরা যাতে সহজে চলাচল করতে পারেন সে ব্যবস্থা রাখা যেতে পারে। সভাপতি সভাকে অবহিত করেন যে, মুজিব বর্ষ সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে পাঁচটি সাব-কমিটি গঠন করা হয়েছে। বিভিন্ন দপ্তর, সংস্থা, কোম্পানিও বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করেছে।

০২। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির গত ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের সভায় গৃহীত বছরব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

- ১৭ই মার্চ ২০২০ তারিখ সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখ জাতীয় পতাকা উত্তোলন;
- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক ১৭ই মার্চ ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে);
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি;
- ১৭ই মার্চ ২০২০ তারিখ জাতীয় শিশু দিবস উপলক্ষে শিশু- কিশোর সমাবেশসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন;
- মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জাব ব্যবস্থা ও পরিষ্কার- পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন অনুষ্ঠান যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বইমেলা, কবিতা আবৃত্তি, আনন্দভোজ ইত্যাদির আয়োজন।

চলমান পাতা-২

- সকল প্রতিষ্ঠান বিশেষত শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ মুজিববর্ষব্যাপী জাতীয় পতাকার সাথে মুজিববর্ষের লোগো সম্বলিত পতাকা ব্যবহার করতে পারে। পতাকার ডিজাইন ওয়েবসাইটে (www.mujib100.gov.bd) দেয়া আছে;
- এছাড়া ওয়েবসাইটে জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিভিন্ন পোস্টারের টেমপ্লেট দেয়া আছে। কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসাবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে। তবে কোন ব্যক্তির ছবি ব্যবহার করা সমীচীন হবে না;
- ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন- বিয়োজন বছরব্যাপী তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে;
- জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান করা;
- নিজ অধিক্ষেত্রে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান যদি থাকে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন গুরুত্ব দিয়ে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর বহুল ব্যবহার;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন করা;
- জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ;
- সম্ভাব্য ও প্রযোজ্য ক্ষেত্রে আতশবাজি ও লেজার শো এর প্রয়োজন;
- জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়নের সময় বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

এছাড়া যুগ্মসচিব (প্রশাসন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ২৫ জানুয়ারি ২০২০ তারিখের সভার একটি সিদ্ধান্ত পড়ে শোনান। সেখানে সিদ্ধান্ত আছে "মুজিববর্ষে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রস্তাবিত কর্মপরিকল্পনা স্ব স্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে হবে। শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে নিজস্ব বাজেট থেকে ব্যয় সংস্থান সম্ভব না হলে এ উদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশক্রমে অর্থ বিভাগ বিশেষ বরাদ্দ প্রদান করবে।" সভাপতি বিদ্যুৎ বিভাগের বিভিন্ন উপ-কমিটিকে তাদের কার্যক্রম তুলে ধরার আহবান জানালে উৎকর্ষতা ও উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন) গৃহীত সিদ্ধান্ত সভাকে অবহিত করেন।

০৩। গৃহীত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগের বিষয়ে সভাপতি বিদ্যুৎ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। তিনি আরো বলেন জাতীয় কমিটি বিশ্বব্যাপী করোনা ভাইরাসে বিস্তারের কারণে জনসমাবেশ পরিহার করে উদ্বোধন অনুষ্ঠান সংক্ষিপ্ত করায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা, কোম্পানিগুলো জনসমাবেশ পরিহারপূর্বক তাদের কর্মসূচি পুনর্বিন্যাস করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডিজি পাওয়ার সেল বলেন, মুজিব বর্ষ আয়োজন উপলক্ষে কেন্দ্রিয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর, সংস্থা, কোম্পানি স্ব স্ব কর্মসূচি পালন করবে। এছাড়া জন্মশতবার্ষিকী উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিদ্যুৎ বিভাগের পক্ষে শুভেচ্ছা বার্তা প্রেরণ করা হবে। এছাড়া সভাপতি ১৭ই মার্চ প্রত্যেক সংস্থায় জাতীয় পতাকা উত্তোলন, ডিজিটাল উপস্থাপনা এবং শুভেচ্ছা ব্যানার প্রদর্শনের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহের নিজস্ব প্রকাশনা প্রস্তুত, বিভিন্ন প্রকল্প গ্রহণ এবং মুজিব বর্ষে শতভাগ বিদ্যুতায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর, সংস্থা, কোম্পানিসমূহে ১৭ই মার্চ ২০২০ তারিখ জাতীয় পতাকা উত্তোলন;

খ) একটি ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ করে ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী মুজিব বর্ষের লোগো সম্বলিত ড্রপডাউন ব্যানার, ব্যানার, ফেস্টুন প্রস্তুতকরণ;

গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;

ঘ) মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;

ঙ) জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার- পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;

চ) মুজিববর্ষ উদ্বোধন উপলক্ষে বিদ্যুৎ বিভাগ কর্তৃক জাতীয় পত্রিকায় শ্রদ্ধাঞ্জলি প্রকাশ;

ছ) মুজিববর্ষে গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে সারা দেশে স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প গ্রহণ;

০৫। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. সুলতান আহমেদ)
সচিব
১৫/৩/২০২০